

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nbr.gov.bd

তারিখ: ০৭ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

Asycuda World এর সাথে ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন ম্যানেজমেন্ট সিস্টেম (FxTMS) এর আন্তঃসংযোগ স্থাপন

পণ্য আমদানির ক্ষেত্রে রপ্তানিকারক কর্তৃক ইস্যুকৃত কমাশিয়াল ইনভয়েসকে সকল বানিজ্যিক ব্যাংকের মাধ্যমে এক ও অভিন্ন ফরম্যাটে বাংলাদেশ ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন ম্যানেজমেন্ট সিস্টেম (FxTMS) হতে রিয়েল টাইম ভিত্তিতে Asycuda World সিস্টেমে প্রেরণের উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক যৌথভাবে সিস্টেম দুটির আন্তঃসংযোগ স্থাপন করেছে। ইতোমধ্যে উক্ত আন্তঃসংযোগের User Acceptance Test সম্পন্ন হয়েছে এবং ০৭ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ হতে পাইলটিং কার্যক্রম শুরু করা হয়েছে। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড জনাব মো: আবদুর রহমান খান এফসিএমএ আজ এ আন্তঃসংযোগ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।

আন্তঃসংযোগ স্থাপনের পূর্বে ব্যাংক কর্তৃক প্রত্যাখিত কমাশিয়াল ইনভয়েসসমূহ কাস্টমসের নিকট হার্ড কপি দাখিল করতে হতো। এখন থেকে বাংলাদেশ ব্যাংকের FxTMS হতে রিয়েল টাইম ভিত্তিতে Asycuda World সিস্টেমে কমাশিয়াল ইনভয়েস এর সকল তথ্য স্বয়ংক্রিয়ভাবে পাওয়া যাবে বিধায় কাস্টমস অফিসে গিয়ে কমাশিয়াল ইনভয়েসের হার্ড কপি দাখিল করতে হবে না।

FxTMS এবং Asycuda সিস্টেমের আন্তঃসংযোগের সুবিধা-

- কমাশিয়াল ইনভয়েস যাচাই প্রক্রিয়া সম্পূর্ণভাবে অনলাইন ও রিয়েল-টাইম ভিত্তিক হবে;
- কাগজপত্রের ওপর নির্ভরতা হ্রাস পাবে;
- রাজস্ব ফাঁকির প্রচেষ্টা প্রতিহত করার মাধ্যমে রাজস্ব সুরক্ষিত হবে;
- রাজস্ব ঝুঁকি উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে;
- আমদানি-রপ্তানি পণ্যের খালাস প্রক্রিয়া সহজ, দ্রুত ও বামেলামুক্ত হবে;
- ট্রেডবেইজড মানি লন্ডারিং হ্রাস পাবে;
- পণ্য মূল্য নির্ধারণে একটি নির্ভরযোগ্য ডাটাবেইজ তৈরী হবে।

পাইলটিং কার্যক্রম সফলভাবে সম্পন্ন হওয়ার পর পর্যালোচনা বিল অব এন্ড্রিতে আবশ্যিকভাবে কমাশিয়াল ইনভয়েস সংযোজন কার্যক্রম গ্রহণ করা হবে। সকল বানিজ্যিক ব্যাংকের সহযোগিতায় জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ ব্যাংক-এর যৌথ উদ্যোগে বাস্তবায়িত এই কার্যক্রম Paperless Customs ব্যবস্থা প্রবর্তনের পথে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক, যা দেশের আমদানি-রপ্তানি বাণিজ্য সহজীকরণ ও কাস্টমস ব্যবস্থার আধুনিকায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

-জাতীয় রাজস্ব বোর্ড